32

তারিখ ..2 6. DEC 1994 ... ..
পৃষ্ঠা ৫ কলাম .. ৬......

দৈনিক বাংলা

## "ঢাকা বিশ্ববিদ্যালয়ের প্রিলিমিনারীতে ভর্তি"

ঢাকা বিশ্ববিদ্যালয়ের অধীনে শেষবারের মতো ডিগ্রী (পাস) পরীক্ষা '৯৩ শেষ হয়ে গেলো। তাদের ডিগ্রী পাস করতে সর্বমোট ৪ (চার) বছর সময় লাগছে। শোনা যাচ্ছে, জানুয়ারী মাসে ঢাকা বিশ্ববিদ্যালয়ে প্রিলিমিনারী ভর্তি পরীক্ষা অনুষ্ঠিত হবে। এখন কথা হলো এবার যারা ডিগ্রী পরীক্ষা দিয়েছে (ঢাকা বিশ্ববিদ্যালয়ের অধীনে) তারা কি এই ভর্তি পরীক্ষায় অংশ নিতে পারবে? না, পারবে না? এবার যদি তারা ভর্তি পরীক্ষা না দিতে পারে তবে 'ঢাকা বিশ্ববিদ্যালয়ের ভর্তি হওয়ার জন্য তাদের আরও একবছর অপেক্ষা করতে হবে।, যা তাদের জন্য খুবই দুঃখজনক হবে। তাই ঢাকা বিশ্ববিদ্যালয়ের কর্তৃপক্ষের কাছে বিশেষ অনুরোধ, তারা যেন এই ছাত্রছাত্রীরা যাতে প্রিলিমিনারীতে ভর্তি পরীক্ষা দিতে পারে তার বিশেষ ব্যবস্থা গ্রহণ করেন।

হারুন
২৬৫ শহীদনগর
লালবাগ, ঢাকা-১২১১।

৩৫